আলমডাঙ্গায় প্রবাসীর স্ত্রীকে উত্যক্ত, শ্রীঘরে সাহাবুল

প্রতিবেশী সাহাবুলের একের পর এক কুপ্রস্তাবে অতিষ্ঠ হয়ে তার বিরুদ্ধে থানায় অভিযোগ করতে বাধ্য হল আলমডাঙ্গার শ্রীনগর গ্রামের প্রবাসী রাহুল লস্করের স্ত্রী বুলবুলি খাতুন (৪০)। এর পরপরই পুলিশ সাহাবুলকে আটক করে।

সাহাবুল (৩০) জামজামী ইউনিয়নের শ্রীনগর গ্রামের সোহরাব হোসেনের ছেলে। সে নিয়মিত বুলবুলি খাতুনকে উত্যক্ত করে আসছিল।

বুলবুলি খাতুন জানান, তার স্বামী রাহুল লস্কর ও বড় ছেলে সালমান মালেশিয়ায় প্রবাস জীবন-যাপন করছেন। তিনি ছোট ছেলে ফরিদকে নিয়ে স্বামীর বাড়িতে বসবাস করছেন। বাড়িতে স্বামী না থাকার সুযোগে সাহাবুল তাকে প্রায় কুস্তাব দিতে থাকে।

তিনি এতে রাজি না হওয়ায় সাহাবুলের উত্যক্ততা আরও বহুগুনে বেড়ে যায়। সে রাত-বিরাতে ঘরে ঢোকার চেষ্টা করতে থাকে। মঙ্গলবার রাতে জানালা ভেঙ্গে ঘরে ঢোকার চেষ্টা করে। কিন্ত প্রতিবেশীরা সাহাবুলের কান্ড দেখে তাকে হাতেনাতে ধরে ফেলে।

পরদিন বুধবারে বুলবুলি থানায় এসে সাহাবুলের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। পুলিশ অভিযোগ আমলে নিয়ে সাহাবুলকে আটক করে।

সত্তর বছরের আ.লীগ পরিবারকে নিশ্চিহ্ন করার পায়তারা চলছে

দীর্ঘ সত্তর বছর ধরে যে পরিবারটির সদস্যরা আওয়ামীলীগের রাজনীতিতে লালিত-পালিত হয়ে মুজিব আদর্শকে প্রতিষ্ঠিত করার লড়াইয়ে অগ্রনী ভুমিকা পালন করে আসছিলেন সেই পরিবারটির সদস্যরাই এখন আওয়ামীলীগের নেতৃত্বের কারনে একেবারে কোনঠাসা হয়ে পড়েছে।

আলমডাঙ্গার খাদিমপুর ইউনিয়নজুড়ে এই পরিবারটির ব্যাপক জনপ্রিয়তা থাকা সত্বেও তা ক্রমান্বয়ে ছেটে দেওয়ার পরিকল্পনা হাতে নিয়েছে জেলা নেতৃত্ব। এরই মধ্যে এই পরিবারের সদস্য খাদিমপুর ইউনিয়ন পরিষদের বর্তমান চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আব্দুল হালিম মন্ডলের কাছ থেকে সভাপতির পদটি নিয়ে নেওয়া হয়েছে। তাকে রাজনীতি থেকে বিচ্ছিন্ন করতে দীর্ঘ বছর ধরে থাকা স্কুল কমিটির সভাপতির পদটিও কেড়ে নেওয়া হয়েছে। এসব অভিযোগগুলো করছিলেন আব্দুল হালিম মন্ডল।

মেহেরপুর প্রতিদিনের সাথে একান্ত সাক্ষাৎকারে কথাগুলো বলেন আওয়ামী লীগের এই ত্যাগী নেতা। সাক্ষাৎকারটি গ্রহণ করেন আলমডাঙ্গা প্রতিনিধি রদিদুল ইসলাম।

আব্দুল হালিম মন্ডল বলেন, ১৯৪৯ সালে আওয়ামীলীগের জন্মের সময়ে খাদিমপুর ইউনিয়নে প্রথম দলটির সভাপতির দায়িত্ব দেওয়া হয় তার আপন ফুফাত ভাই কমলাপুরের নুরুদ্দিন মাস্টারকে। তিনি দীর্ঘ বছর সভাপতি হিসেবে ইউনিয়ন আওয়ামীলীগের দায়িত্ব পালন করেন। এরপর সভাপতির দায়িত্ব দেওয়া হয় তারই ছোট ভাই সফিউদ্দিনকে। তিনিও দীর্ঘ বছর এই পদে দায়িত্ব পালন করেন।

সবশেষে ৯৭ সালে বিনা প্রতিদ্বন্দ্বিতায় ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতির দায়িত্ব পান বর্তমান চেয়ারম্যান আব্দুল হালিম মন্ডল। তিনি ১৯ সাল পর্যন্ত দায়িত্ব পালন করে আসছিলেন। গত উপজেলা নির্বাচনে নৌকা প্রতীকের পক্ষে ভোট করায় জেলা নেতৃত্বের রোষানলে পড়েন আব্দুল হালিম মন্ডল। এরপর তার কাছ থেকে একে একে দলীয় সবকিছু কেড়ে নেওয়া হয়। তিনি বর্তমানে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের দায়িত্বে থাকলেও পদে পদে হচ্ছেন বাঁধাগ্রস্ত।

আব্দুল হালিম মন্ডল জানান, কুষ্টিয়া সরকারী কলেজ থেকে বিএ পাশ করার পর জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স সম্পন্ন করেন তিনি। এরপর তিনি আবারও কুষ্টিয়া ল‘কলেজে ভর্তি হন। কিন্ত পরিবারের আহ্বানে তাকে খাদিমপুর ইউনিয়ন পরিষদের নির্বাচনে অংশ নিতে হয়। তিনি দুইবার চেয়ারম্যান নির্বাচিত হন। এরআগে তার বড় ভাইও চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন।

হালিম মন্ডল বলেন, তিনি দিনে দিনে পুরো ইউনিয়নে আওয়ামীলীগের রাজনীতিকে সুপ্রতিষ্ঠিত করেছেন। দীর্ঘ বছর ধরে সার্বক্ষনিক জনগনের মাঝে থাকায় মানুষের ভালবাসায় নিজেকে করে তুলেছেন

অপ্রতিদ্বন্দ্বি। তিনি বলেন, তার এই জনপ্রিয়তাই রাজনীতিতে কাল হয়ে দেখা দিয়েছে। তাকে নানাভাবে থামিয়ে দেওয়া হচ্ছে। তার চেয়েও অপেক্ষাকৃত দুর্বল কোন লোককে দিয়ে ইউনিয়ন আওয়ামীলীগের নেতৃত্ব দেওয়ার অপচেষ্টা করা হচ্ছে। তিনি বলেন, ইউনিয়ন আওয়ামীলীগের রাজনীতিতে তিনিই অপ্রতিদ্বন্দ্বি। খাদিমপুর ইউনিয়ন পরিষদের নির্বাচনেও তিনিই অপ্রতিদ্বন্দ্বি।

মেহেরপুরে সোসাল এডুকেশন ডেভেলপমেন্ট ফাউন্ডেশনের আইসিটি প্রজেক্টের উদ্বোধন

সোসাল এডুকেশন ডেভেলপমেন্ট ফাউন্ডেশন বাংলাদেশের (এসইডিপি) আইসিটি প্রজেক্ট ও ওরিয়েন্টেশন ক্লাসের উদ্বোধন করা হয়েছে।

বুধবার দুপুরে প্রতিষ্ঠানটির কার্যালয়ে সামাজিক দূরত্ব বজায় রেখে জুবায়ের কম্পিউটার ট্রেনিং একাডেমীর তত্বাবধায়নে এ কোর্সের উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংবাদিক ও আপডেট আইটি লিমিটেডের আরএসএম মুজাহিদ মুন্না, সোসাল এডুকেশন ডেভেলপমেন্ট ফাউন্ডেশনের কো- অর্ডিনেটর ও জুবায়ের কম্পিউটার ট্রেনিং একাডেমীর পরিচালক জুবায়ের হাসান, সোসাল এডুকেশন ডেভেলপমেন্ট ফাউন্ডেশনের কো-অর্ডিনেটর তৌফিক এলাহী, জুবায়ের কম্পিউটার ট্রেনিং একাডেমীর প্রশিক্ষক বিপ্লব হোসেন।

এসময় অন্যদের সেখানে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা মুক্তিযোদ্ধা প্রজন্ম লীগের সহ সভাপতি তরুণ আহমেদ, সাধারণ সম্পাদক তরিকুল ইসলামসহ অন্য অতিথিরা।

মেহেরপুরের বারাদিতে সড়ক দুর্ঘটনায় বৃদ্ধ আহত

মেহেরপুরের বারাদি বাজারে মোটর সাইকেলে ও সাইকেলর মুখোমুখি সংঘর্ষে ছুটিপুর গ্রামের তমেজ (৬৫) গুরুতর আহত হয়েছেন।

বুধবার বিকেল বারাদি বাজার নাসিরের মিলের সামনে এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, আহত তমেজ উদ্দিন ছুটিপুর থেকে বারাদি বাজারে কামারের কাছে হেঁসো কাঁচি পোড়াতে আসে, হেঁসো কাচি পোড়ানোর পর বারাদি বাজার থেকে বাজার করে বাড়ি যাওয়ার জন্য রহনা দেন তিন।

এমন অবস্থাই বাড়াদি বাজার অতিক্রম করে নাসিরের কাঠ ফাড়া মিলের সামনে পৌঁছালে, অপর দিক থেকে বেপরোয়াভাবে আসা একটি মোটরসাইকেল তার সাইকেলে ধাক্কা মারে।এতে তিনি গুরুতর আহত হয়। এ অবস্থায় মোটরসাইকেল চালক তাকে ফেলে রেখে পালিয়ে যায়।

মেহেরপুর ফায়ার সার্ভিস’র একটি টিম ঘটনাস্থলে দ্রুত পৌঁছে আহত অবস্থায় তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আশে, বর্তমানে তমেজউদ্দিন মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

গাংনী স্বাস্থ্য কমপ্লেক্স পরিদর্শন করলেন এমপি খোকন

মেহেরপুর -২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও স্বাস্থ্য কমপ্লেক্স ব্যবস্থাপনা কমিটির সভাপতি সাহিদুজ্জামান খোকন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স আকস্মিক পরিদর্শন করেন। সেখানে রোগীদের খাবারের মান দেখে অসন্তুষ্ট প্রকাশ করেন তিনি। রোগীদের খাবার ও সেবা নিয়ে ছিনিমিনি খেলার কোন সুযোগ নেই উল্লেখ করে সংশ্লিষ্টদের হুঁসিয়ারী দেন তিনি।

আজ বুধবার বেলা দেড় টার সময় হঠাৎ করেই উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে উপস্থিত হন এমপি খোকন। তিনি প্রথমে স্বাস্থ্য কমপ্লেক্সের বাবুর্চি খানায় গিয়ে উপস্থিত হন। রোগীদের জন্য নিম্নমানের চাউল রান্না করা হয়েছে, তরকারি হিসেবে যে সব্জি ও মাংস রান্না করা হয়েছে সেটাও মানসম্মত নয়। তালিকা অনুযায়ী খাদ্য সরবরাহ না করারও অভিযোগ পান তিনি।

এ ছাড়াও খাদ্য তালিকায় সকালের নাস্তায় রোগী প্রতি ১টি মুরগীর ডিম, ২টি পাকা কলা, ১০০ গ্রাম উন্নতমানের পাউরুটি (২পিস)।

দুপুর ও রাতের খাবারে ৩৫০ গ্রাম চাউল (সিদ্ধ) মাঝারী, ৪০ গ্রাম মসুরের ডাল, ৪০ গ্রাম সোয়াবিন তেল, ১৪ গ্রাম লবন (আয়োডিন যুক্ত), ৮০ গ্রাম মাংস (খাসী) অথবা ২৬০ গ্রাম দেশী মুরগীর মাংস, অথবা ৩২৫ গ্রাম ফার্মের মুরগীর মাংস, অথবা ২৩৬.৩৬ গ্রাম (রুই,কাতলা,মৃগেল) মাছ, অথবা ২৮৮.৮৮ গ্রাম (গ্রাস কার্প, সিলভার কার্প, আমেরিকান রুই) মাছ, ৫৮ গ্রাম গোল আলু, ১ কেজি জ্বালানী শুকনা কাঠ (আম), ১০০ গ্রাম পেঁপেঁ/ মিষ্টি কুমড়া, অথবা ১৫৬.২৫ গ্রাম লাউ, অথবা ২৫০ গ্রাম পাতা/ফুল কপি, ২৫ গ্রাম পিঁয়াজ, ১০ গ্রাম রসুন, ৪ গ্রাম জিরা, ২ গ্রাম হলুদ (গুড়া), ৫ গ্রাম শুকনা মরিচ (গুড়া), ৩ গ্রাম ধনিয়া (গুড়া), ২ গ্রাম আদা, ১.৮৪ গ্রাম গরম মসলা (এলাচ,দারচিনি,লবঙ্গ) সর্বমোট ১২৫ টাকা মূল্যের খাবার সরবরাহের নির্দেশনা থাকলেও রোগীদের নিকট থেকে না পাওয়ার অভিযোগ উঠছে প্রতিনিয়ত।

সংশ্লিষ্টদের উপস্থিতিতে ঠিকাদারকে সতর্ক করে পরবর্তীতে সিডিউল বহির্ভূত কোন খাদ্য সামগ্রী পরিবেশন করা হলে কঠিন ব্যবস্থা নেওয়ার হুঁসিয়ারী দেন।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আরএমও (রেসিডেন্সিয়াল মেডিকেল অফিসার) সাদিয়া সুলতানাকে প্রতিনিয়ত তালিকা অনুযায়ী খাদ্য সরবরাহ করা হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করার নির্দেশ দেন।

এ সময় উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মস্তফা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ রিয়াজুল আলম, আরএমও ডাঃ সাদিয়া সুলতানা, ডাঃ এম কে রেজা, প্রধান সহকারী আসাদুল ইসলাম লিটন, বাবুর্চি লাইলী খাতুন, ঠিকাদার ঝন্টু মিয়া উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় ভুল চিকিৎসায় প্রসূতির মৃত্যুর অভিযোগ

কুষ্টিয়া শহরের একটি বেসরকারী ক্লিনিকে ভুল চিকিৎসায় শাপলা খাতুন নামে এক প্রসূতির মৃত্যুর অভিযোগ উঠেছে।

আজ বুধবার (২ সেপ্টেম্বর) সকাল ৯টার দিকে কুষ্টিয়া শহরের কাষ্টম মোড়স্থ শাপলা ক্লিনিকে এ ঘটনা ঘটে। এ ঘটনায় রোগির স্বজন ও এলাকাবাসি ক্লিনিক ঘেরাও করে বিক্ষোভ শুরু করলে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

কুমারখালী উপজেলার সোন্দা গ্রামের জুলের সন্তানসম্ভাবা স্ত্রী শাপলা খাতুনকে ওই ক্লিনিকে ভর্তি করা হয় মঙ্গলবার রাতে। পরে ওই রাতেই তার সিজারিয়ান অপারেশন হয়। ক্লিনিক কর্তৃপক্ষের চাহিদা মত রোগির স্বজনরা রোগির জন্য রক্ত এনে দেন।

তবে রোগীর স্বজনদের অভিযোগ, তাদের সরবরাহ রক্ত না দিয়ে ক্লিনিকের লোকজন ভুল গ্রুপের রক্ত পুশ করে রোগীর শরীরে। এতে রোগির অবস্থার অবনতি হয়। পরে সকালে তিনি মারা যান। এ ঘটনায় রোগির স্বজন ও এলাকাবাসি ক্লিনিকে বিক্ষোভ দেখায়। পরে পুলিশ এসে ব্যবস্থা গ্রহণের আশ্ব্স দিলে পরিস্থিতি স্বাভাবিক হয়।

কুষ্টিয়ায় বিষমুক্ত সবজির হাট

কুষ্টিয়া শহরে প্রথমবারের মতো চালু হয়েছে রাসায়নিক সার ও বিষমুক্ত অর্গানিক সবজির বাজার ‘কৃষকের হাট’।

শহরের প্রাণকেন্দ্র পাবলিক লাইব্রেরি মাঠ প্রাঙ্গণে প্রতি শুক্র ও শনিবার সকাল ৭টা হতে ১টা পর্যন্ত রাসায়নিকমুক্ত কৃষকের উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তার নিকট বিক্রির জন্য বসবে এই হাট। যেখানে

কৃষক পর্যায়ে উৎপাদিত সবজি বিক্রি করা হবে।

মঙ্গলবার (১ সেপ্টেম্বর) এই হাটের উদ্বোধন করেন জেলা প্রশাসক মোঃ আসলাম হোসেন।

কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ কৃষি সম্প্রসারণ অধিদফতর, কৃষি বিপণন অধিদফতর ও বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এই হাটের সার্বিক তত্ত্বাবধানে বসবে এই হাট।

উদ্বোধন শেষে জেলা প্রশাসক আসলাম হোসেন বলেন, ‘অর্গানিক ফসলের দাম একটু বেশিই হয়ে থাকে। তাই নিরাপদ খাদ্যের দাম বেশি হলেও চাহিদাও বাড়ে। এখানে যে সবজি আনা হয়েছে তাতে কোনো কেমিক্যাল নেই, তারা রাসায়নিক সার ব্যবহার করেনি।’

তিনি বলেন, প্রান্তিক কৃষকের উৎপাদিত নিরাপদ সবজি নিয়ে ও কৃষকের হাটের শহরের মানুষগুলোর জন্য টাটকা ও বিশুদ্ধতা সবজি পেতে সহায়ক ভুমিকা পালন করবে। এছাড়াও কৃষক তার উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য পাবেন।

নিরাপদ খাদ্যের জন্য সচেতনতার বেশি প্রয়োজন উল্লেখ করে জেলা প্রশাসক আরও বলেন, ‘কৃষির উন্নয়নের ওপর নির্ভর করে শিল্পের উন্নয়ন হয়। কৃষিজাত পণ্যের প্রক্রিয়াজাতের শিল্প প্রতিষ্ঠান স্থাপনের মাধ্যমে কর্মসংস্থানসহ এই শিল্পটি প্রসারিত হবে। এবছর এই হাটে ভোক্তাদের যে সাড়া পড়েছে আগামীতে আরও বড় পরিসরে এই হাটের আয়োজন করা হবে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ শ্যামল কুমার বিশ্বাসের সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) লুৎফুন নাহার, উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা ও উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) জুবায়ের হোসেন চৌধুরীসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ শ্যামল কুমার বিশ্বাস বলেন, ‘পণ্যের ন্যায্য মূল্য পাওয়া কৃষকের অধিকার। সরকার কৃষকের উৎপাদিত পণ্যের ন্যায্য মূল্য নিশ্চিত করতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করছে। নিরাপদ খাদ্য উৎপাদনের উদ্যোগ নিয়ে এটি আধুনিক কৃষির পথচলার শুরু হলো। এ ধারা অব্যাহত রাখা হবে বলেও জানান তিনি।

কুমারখালীতে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে সংঘর্ষ, আহত ২০

কুষ্টিয়ার কুমারখালীর চাঁদপুর ইউনিয়নের ধলনগরে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে দুই পক্ষের সংঘর্ষে অন্ততঃ ২০জন আহত হয়েছে। ভাংচুর করা হয়েছে কমপক্ষে ২০টি বাড়ি। মঙ্গলবার সকালে এই সংঘর্ষের ঘটনা ঘটে।

স্থানীয়দের সাথে কথা বলে জানা যায়, ধলনগর গ্রামের রবি মালিথা ও আফজাল মেম্বর গ্রুপের মধ্যে দীর্ঘদিন ধরে এলাকায় আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে সংঘর্ষ চলে আসছে। এর সূত্র ধরে দুইপক্ষের লোকজন দেশীয় অস্ত্র নিয়ে সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে আফজাল মেম্বর গ্রুপের নারীসহ অন্ততঃ ২০ জন আহত হয়। এসময় প্রায় ২০টি বাড়িতে হামলা চালিয়ে ভাংচুর ও লুটপাট চালানো হয়।

এলাকাবাসীর অভিযোগ রবি মালিথার নেতৃত্বে উজ্জলসহ ১৫ থেকে ২০ জন দীর্ঘদিন ধরে এলাকায় জমিদখল, চাঁদাবাজি ও মাদক ব্যবসাসহ নানারকম অপকর্মে লিপ্ত । আফজাল মেম্বরসহ এলাকাবাসী প্রতিবাদ করায় বেশ কয়েকবার তাদের সাথে সংঘর্ষের ঘটনা ঘটে।

কুমারখালী থানার ওসি মামুনুর রশিদ (ভারপ্রাপ্ত) জানান, আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে মূলত দুইপক্ষের সংঘর্ষের ঘটনা ঘটেছে। এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে।

কোটচাঁদপুরে আবাসিক এলাকায়

পুলিশ ফাঁড়ি নির্মাণের সিদ্ধান্তের প্রতিবাদে সংবাদ সম্মেলন

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরের কলেজ স্ট্যাণ্ডে ঘন জনবসতি এলাকায় পৌর পুলিশ ফাঁড়ির প্রস্তাবনার জায়গার বিরোধীতা করে সংবাদ সম্মেলন করেছে এলাকাবাসী ।

মঙ্গলবার বেলা ১২টার দিকে কলেজ স্ট্যাণ্ড পাড়ার মৃত মশিয়ার রহমান চেয়ারম্যানের স্ত্রী সায়েমা রহমান এলাকাবাসীর পক্ষে সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য প্রদান করেন। এসময় ৭নং পৌর ওয়ার্ড কাউন্সিলর শরাফৎ হোসেন, ব্যবসায়ী লিয়াকত আলী, নাছিরউদ্দীন, শাহাজাহান হোসেন, উপজেলা মুক্তিযোদ্ধা মঞ্চের সভাপতি ফায়িম শাহারিয়ার, সেক্রেটারী ফায়ান তাহামিদ হৃদয়সহ এলাকার প্রায় ২০/২৫ উপস্থিত ছিলেন।

সংবাদ সম্মেলনে সায়েমা রহমান বলেন, নিকটে থানা বা পুলিশ ফাঁড়ি থাকা নিরাপত্তার জন্য অবশ্যয় ভালো। তবে যে জায়গায় পুলিশ ফাঁড়ি করার জন্য জমির মালিক পুলিশ প্রসাসনের ঊর্ধ্বতন কর্তাদের কাছে প্রস্তাব রেখেছেন আমরা এলাকার মানুষ হিসেবে তার বিরোধীতা করছি। কেননা এটা একটি ঘন জনবসতি এলাকা।

প্রস্তাবিত ওই জমির সামনে এবং পাশ দিয়ে যে রাস্তা গেছে তা অত্যন্ত সরু রাস্তা। সে রাস্তা দুটি দিয়ে দুটি ইজিবাইক চলাচল করতে সমস্যা হয়। অথচ ওই জায়গায় সরকারের একটি গুরুপূর্ণ ব্যস্ততম প্রতিষ্ঠান পৌর পুলিশ ফাঁড়ি হলে এলাকার মানুষের চলাচলে বিঘ্নের সৃষ্টি হবে। তাছাড়া প্রস্তাবিত ৪৯ শতক জমির মধ্যে এর আগে জমি মালিকদের এক ভাই ৮শতক জমি বিক্রি করেছেন। ওই জমি ফিরিয়ে নিয়ে ইতোমধ্যে অন্য দুই ভাই হকসেবা করে আদালতে টাকা জমা দিয়েছেন। সায়েমা রহমান বলেন -ওই জমি ফিরিয়ে নিয়ে একত্রে পুলিশ ফাঁড়ির জন্য বিক্রি করবেন বলে পাঁয়তারা চালাচ্ছেন।

এদিকে জমি মালিকদের তিন ভাইয়ের মধ্যে বড় ভাই মুক্তার হোসেন বলেন- প্রায় আড়াই বছর আগে পুলিশ প্রসাশনের সাথে তাদের কথা হয়েছিল তারা জমি দেখে জমির পর্চাও নিয়ে যান। এর পরে তাদের আর কোন কথা হয়নি। তিনি বলেন এর মধ্যে তার মেঝে ভাই আক্তারুজ্জামান ৮শতক জমি

বিক্রি করে দিয়েছেন।

ওই জমি ফিরিয়ে নিতে তারা ইতোমধ্যেই আদালতে টাকা জমা দিয়েছেন বলে জানান। তিনি চান ওই জমিতে পুলিশ ফাঁড়ি হোক। তিনি বলেন সম্পূর্ণ জমিটি একবারে বিক্রি হলে তারা সকলেই টাকা ভাগ করে নিতে পারবেন।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহাবুব আলম বলেন, এক সময় জমির মালিকের সাথে কথা হয়েছিল বলে তিনি শুনেছেন। তার পর থেকে আমাদের কাছে কোন দিক নির্দেশানা আসে নাই। সে কারণে ওখানেই পুলিশ ফাঁড়ি হবে কিনা এই বিষয়ে আমার জানা নেই।

কোটচাঁদপুরে বিএনপি’র ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপি’র আলাদা আয়োজনে দলের ৪২তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে।

দিবসটি পালন উপলক্ষে মঙ্গলবার সকাল ১১ টায় পৌর বিএনপি’র আয়োজনে শহরের পায়রা চত্তরে পৌর বিএনপি’র দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন শেষে পৌর বিএনপি’র আহ্বায়ক ও সাবেক পৌর মেয়র সালাহ্উদ্দীন বুলবুল সিডলের সভাপতিত্বে আলোচনা সভা ও দোয়া মাহ্ফিল অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন, সদস্য সচিব ফারুক হোসেন খোকন, যুগ্ন-আহ্বায়ক ফারুকুল আলম শেখা, যুগ্ন-আহ্বায়ক রুস্তম কবির, যুবদল নেতা ফয়েজ আহমেদ তুফান, যুবদল নেতা ইমদাদুল হক সহ পৌর বিএনপি ও অঙ্গসংগঠনের নেতা-কর্মীরা।

অন্যদিকে উপজেলা বিএনপি’র আয়োজনে শহরের মেইন বাসস্টান্ডের অস্থায়ী কার্যালয়ে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। উপজেলা বিএনপি’র আহ্বায়ক আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন, সদস্য সচিব মিজানুর রহমান খাঁন লাভলু, সাবেক

উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান ও এলাঙ্গী ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক একরামুল হক, সাবেক ছাত্র নেতা আশরাফুজ্জামান খাঁন মুকুল, বিএনপি নেতা আতিয়ার রহমান, মিজানুর রহমান শান্টু, মোহাম্মদ আলী, লিয়াকত আলী, আশরাফ আলী, ইউপি সদস্য মইদুল ইসলাম, শহিদুল ইসলাম ভূইয়া, যুবদল নেতা সাইফুল ইসলাম মিন্টু, হাফিজুর রহমান, সাবেক ছাত্র নেতা এম এ মামুন সহ বিভিন্ন ইউনিয়ন বিএনপি’র নেতা-কর্মীরা।

পরে দলের প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের আত্মার মাগফিরাত সহ দল ও দেশের মঙ্গল কামনায় দোয়া অনুষ্ঠিত হয়। শেষে নেতা-কর্মীদের উপস্থিতিতে কেক কাটা হয়।